১৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
বাজেট-১ শাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০২২.০৬.০৪৬.১৮-২৪০

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর ২০/০৬/২০২১ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০২১-৫৮৯ নং স্মারকের পরিপ্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

| ক্র: নং | পদবি | পদ |
|---|---|---|
| ১. | সচিব, রেলপথ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| ৫. | অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| ৬. | যুগ্মসচিব/উপসচিব/উপপ্রধান (বাজেট অধিশাখা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা, উন্নয়ন অধিশাখা, প্রশাসন অধিশাখা এবং পরিকল্পনা অধিশাখা), রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর | সদস্য |
| ৮. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট-১ ও ২ শাখা এবং প্রশাসন-৪ শাখা) | সদস্য |
| ৯. | যুগ্মসচিব/উপসচিব (বাজেট-১৭), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য (কারিগরি) |
| ১০. | উপপ্রধান (উপসচিব), রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| ১২. | উপসচিব (নড়ডিক অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | উপসচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ১৪. | চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। কার্যপরিধি:

**২ (ক) কৌশলগত:**

১. রেলপথ মন্ত্রণালয়ের বাজেটের সঙ্গে সরকারের সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিসমূহ যেমন: বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, মন্ত্রণালয় সম্পর্কিত নীতি-পরিকল্পনা, সংশ্লিষ্ট খাতভিত্তিক নীতি-পরিকল্পনা ইত্যাদির সংযোগসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক বাজেট কাঠামো অনুমোদন;

২. রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) সাথে বাজেট কাঠামোর সংগতিসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক বাজেট কাঠামো অনুমোদন;

৩. সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী নীতি-পরিকল্পনায় সামাজিক খাতে বিশেষত দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়নে ব্যয় বৃদ্ধি নিশ্চিতকরণ;

৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) প্রয়োজনীয় ব্যয় বাজেট কাঠামোয় অন্তর্ভূক্তকরণের বিষয়টি পরীক্ষাপূর্বক অনুমোদন; এবং

৫. রেলপথ মন্ত্রণালয়ের নিজস্ব নীতি-পরিকল্পনার আলোকে বাজেট অনুমোদন;

চলমান পাতা-০২

-১২৭-



২ (খ) বাজেট পর্যালোচনা ও অনুমোদন:

৬. সচিবালয় এবং বাংলাদেশ রেলওয়ের/রেলপথ পরিদর্শন অধিদপ্তরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার অনুমোদন;

৭. রাজস্ব আয় ও প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন;

৮. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত উন্নয়ন কর্মসূচির (স্কিম) প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন;

৯. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প গ্রহণের বিষয়ে অনুমোদন;

১০. রেলপথ মন্ত্রণালয়ের অনুমোদিত বাজেট-বহির্ভূত অপ্রত্যাশিত ব্যয়ের বিষয়টি অর্থ বিভাগে প্রেরণের পূর্বে পরীক্ষাপূর্বক অনুমোদন;

১১. বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) রেলপথ মন্ত্রণালয় ও এর অধীন বাংলাদেশ রেলওয়ের/রেলপথ পরিদর্শন অধিদপ্তর এর জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) অনুমোদন;

১২. মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারি সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non-Financial) অগ্রগতি পর্যালোচন এবং রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান

২ (গ) মূল্যায়ন, পরিবীক্ষণ ও নিরীক্ষা

১৩. প্রধান কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

১৪. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় ত্রৈমাসিক ভিত্তিতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং অনুমোদন;

১৫. নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাবনিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পূর্বে মন্ত্রণালয়ের বার্ষিক উপযোজন হিসাব অনুমোদন;

১৬. অভ্যন্তরীণ ওবিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দশান প্রদান;

১৭. বাজেট ব্যবস্থাপনা কমিটি বা প্রধান হিসাবদানকারী অফিসার কর্তৃক বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, তদারকি এবং নিরীক্ষণ সম্পর্কিত প্রদত্ত যেকোন দায়িত্ব পালন; এবং

১৮. বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) মূল্যায়ন করার ক্ষেত্রে Peer Review-কারী দলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

২ (ঘ) অন্যান্য:

১৯. কৌশলগত উদ্দেশ্যসমূহ ও অগ্রাধিকার নির্ণয়, কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) এবং ফলাফল নির্দেশক (output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণসহ এ জাতীয় বিশেষ কোন কাজ সম্পন্ন করার জন্য উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটি গঠন করা;

২০. বাজেট ব্যবস্থাপনা কমিটি বছরে কমপক্ষে সাত বা ততোধিক সভায় মিলিত হবে। তবে প্রয়োজনবোধে কমিটির সভাপতি যে কোন সময় বিশেষ সভা আহবান করতে পারবেন; এবং

২১. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি প্রয়োজনবোধে যে-কোন সদস্য কো-অপ্ট করতে পারবেন।

চলমান পাতা-০৩

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।

স্বা/-
(মো: আব্দুল খালেক মিঞা)
সহকারী সচিব (বাজেট-২)
ফোনঃ ০২-৪১০৫০২৪২
ই-মেইল: budget2@mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০২২.০৬.০৪৬.১৮-২৪০ (২৫)

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা [উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি মনোনয়নপূর্বক প্রেরণের অনুরোধসহ]।
০২। সচিব ও সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা [উপযুক্ত প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিচে নয়) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি মনোনয়নপূর্বক প্রেরণের অনুরোধসহ]।
০৪। মহাপরিচালক ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) ও সদস্য সচিব, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (সকল) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৮। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৯। যুগ্মসচিব/উপসচিব (বাজেট-১৭) ও সদস্য (কারিগরি), বাজেট ব্যবস্থাপনা কমিটি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব/উপসচিব/উপপ্রধান (বাজেট অধিশাখা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা, উন্নয়ন অধিশাখা, প্রশাসন অধিশাখা এবং পরিকল্পনা অধিশাখা) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১। সরকারি রেল পরিদর্শক ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, পুরাতন রেলভবন, ফুলবাড়ীয়া, ঢাকা।
১২। উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট-১ ও ২ শাখা এবং প্রশাসন-৪ শাখা) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩। উপপ্রধান (উপসচিব) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪। উপসচিব (নড়ডিক অধিশাখা) ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১৫। চিফ একাউন্টস এ্যান্ড ফিনান্স অফিসার ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, চিফ একাউন্টস এ্যান্ড ফিনান্স অফিসার এর কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩। সদস্য (সচিব), রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা [অফিস আদেশটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
০৭। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৮। যুগ্ম সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

02/01/2022
(মো: আব্দুল খালেক মিঞা)
সহকারী সচিব (বাজেট-২)
ফোনঃ ০২-৪১০৫০২৪২
ই-মেইল: budget2@mor.gov.bd